

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০

জন্মপুর্তীজলা, ৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**জন্মপুর্তীজলা মহকুমায় মহিলা ভোট কর্মীদের মহড়া**

জন্মপুর্তীজলা মহকুমা শাসকের সভাগৃহে আজ লোকসভা নির্বাচনের কাজে নিযুক্ত মহিলা ভোট কর্মীদের প্রথম পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে ১২-টাকারজলা (এসটি) সংরক্ষিত বিধানসভার ২টি ভোট কেন্দ্রে ও ১৭-গোলাঘাটি (এসটি) সংরক্ষিত বিধানসভা ক্ষেত্রের ২টি ভোট কেন্দ্রে তারা ভোট নেবেন। প্রিসাইডিং অফিসার, ফাস্ট পোলিং, সেকেন্ড পোলিং, থার্ড পোলিং ও গুপ্ত-ডি মিলে মোট ৩৫ জন মহিলা ভোট কর্মী মহড়ায় অংশগ্রহণ করেন। মহিলা ভোটকর্মীদের মহড়ায় বৈদ্যুতিন পদ্ধতিতে হাতে কলমে ভোট নেওয়ার প্রশিক্ষণ দেন ডিসিএম বেঞ্জামিন দার্লং, বেলবাড়ি রুকের বিডিও স্বদেশ দেববর্মা এবং মাস্টার ট্রেনারগণ।

\*\*\*\*\*